

নং- প্রকাঃ এইচআরএমডিঃ ৩৪ঃ১ঃ৩৩৮৫/২০১৬-২০১৭/

তারিখঃ-০১-১১-২০১৮ খ্রিঃ

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ আঃ রশিদ হাওলাদার, কর্মকর্তা(ক্যাশ), বিকেবি, মুলাদী শাখা, বরিশাল, ইতোপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি, গৌরনদী শাখায় কর্মকর্তা(ক্যাশ) হিসাবে ১৮-১০-২০০৯ হতে ০৪-১১-২০১৪ তারিখ পর্যন্ত দায়িত্ব পালনকালে নীতিমালা ভঙ্গ করে ঋণ গ্রহীতাদের স্বাক্ষর জাল করে ঋণ বিতরণ দেখিয়ে আত্মসাৎ সংক্রান্ত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর শৃংখলা সম্পর্কিত ৩৮ (ক),(খ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি, আত্মসাৎ ও প্রতারণামূলক অপরাধের জন্য বিভাগীয় মামলা নং-৪০/১৬-১৭ রুজুপূর্বক অত্র বিভাগের ২০-১২-২০১৬ ইং তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ ৩৩ঃ১ঃ৩৩৮৫/২০১৬-২০১৭/১৯৮৬ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হয়েছিল। আপনি উহার জবাব দাখিল করেছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্ত বোর্ড নিয়োগ করেছিলেন ;

০২। যেহেতু তদন্ত বোর্ড উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করেছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক বিষয়াদি পর্যালোচনা করে আপনি জনাব মোঃ আঃ রশিদ হাওলাদার আপনাকে আপনার বিরুদ্ধে প্রমানিত অভিযোগ এর জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক গুরুদন্ডে দণ্ডিত করার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহন করেন এবং উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকুরী হতে বরখাস্ত অথবা বিকল্প গুরুদন্ড প্রদান করা হবে না এই মর্মে চূড়ান্ত কারণ দর্শানোর নোটিশ জারী করার নির্দেশ প্রদান করেছেন ;

০৪। যেহেতু আপনি জনাব মোঃ আঃ রশিদ হাওলাদার অত্র বিভাগের ৩১-১২-২০১৭ ইং তারিখের চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার বিশ্লেষণ করে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি, আত্মসাৎ ও প্রতারণামূলক অপরাধের জন্য আপনাকে দোষী সাব্যস্ত করতঃ আপনি জনাব মোঃ আঃ রশিদ হাওলাদার আপনাকে গুরুদন্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহন করেন;

০৫। এক্ষণে সেহেতু, কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনি জনাব মোঃ আঃ রশিদ হাওলাদার আপনাকে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১)(খ)(উ) প্রবিধি অনুসারে চাকুরী হতে বরখাস্তের আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব মোঃ আঃ রশিদ হাওলাদার (এ-৭১৫৮)
কর্মকর্তা(ক্যাশ)।
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুলাদী শাখা, বরিশাল।

স্বাক্ষরিত
(মোঃ জহির ইকবাল)
উপ-মহাব্যবস্থাপক

নং- প্রকাঃ এইচআরএমডিঃ ৩৪ঃ১ঃ৩৩৮৫/২০১৬-২০১৭/

তারিখঃ- ০১-১১-২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ-

- ০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-৩, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, প্রশাসন মহাবিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, বরিশাল। উপরোক্ত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করে কর্মী সংক্রান্ত ঘোষণাটি তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। ব্যবস্থাপক, বিকেবি, মুলাদী শাখা, বরিশাল। এতদসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ আঃ রশিদ হাওলাদার এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। ব্যবস্থাপক, বিকেবি, গৌরনদী শাখা, বরিশাল। অভিযোগ সংশ্লিষ্ট ঋণ কেইসগুলোর অনাদায়ী টাকা আদায়ের নিমিত্তে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য বিকেবি, গৌরনদী শাখাকে কর্তৃপক্ষের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ০৯। নথি / খন্ড নথি/ মহানথি।

০১/১১/২০১৮
(মোঃ আব্দুর রউফ)
সহকারী মহাব্যবস্থাপক